# Times Today BD

ডেস্ক রিপোর্ট | রাজনীতি | 06 May, 2025

দীর্ঘ চার মাস চিকিৎসা শেষে সোমবার লন্ডনের হিথ্রো বিমানবন্দর থেকে ঢাকার উদ্দেশে রওনা করেছেন বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়া।স্থানীয় সময় দুপুর দেড়টার দিকে বড় ছেলে তারেক রহমানের কিংস্টনের বাসা থেকে বের হয়ে খালেদা জিয়াকে বহনকারী গাড়িটি বেলা ২টা ২০ মিনিটের দিকে হিথ্রো বিমানবন্দরের ৪ নম্বর টার্মিনালের ভিআইপি গেটে পৌঁছায়।

এরপর বাংলাদেশ সময় রাত ৯টা ৩৫ মিনিটে এয়ার অ্যাম্বুলেন্সে হিথ্রো বিমানবন্দর থেকে ঢাকার উদ্দেশে রওনা করেন তিনি।

বিদায়ক্ষণে হিথ্রো বিমানবন্দরে খালেদা জিয়ার সঙ্গে তার বড় ছেলে ও পুত্রবধূ জুবাইদা রহমান, মেয়ে জায়মা রহমান এবং ছোট ছেলে প্রয়াত আরাফাত রহমানের স্ত্রী সৈয়দা শামিলা রহমান ছিলেন।এসময় বিমানবন্দরে এক আবেগঘন পরিবেশের সৃষ্টি হয়।

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ভেরিফাইড ফেসবুক পেজে পোস্ট করা একটি ভিডিওতে এমন দৃশ্যই দেখা গেছে।

ভিডিওতে দেখা গেছে, খালেদা জিয়া তারেক রহমানকে জিজ্ঞাসা করে বলেন, তুমি কতক্ষণ দাঁড়িয়ে থাকবে?

উত্তরে তারেক রহমান বলেন, তুমি বিমানে ওঠার পর মেয়ে জাইমাকে নিয়ে চলে যাব।

এরপর তারেক জিয়ার সঙ্গে যারা ছিলেন তাদের উদ্দেশে খালেদা জিয়া বলেন, তোমরা ভাইয়ার (তারেক) খেয়াল রেখো।

এ সময় খালেদা জিয়াকে একটি হুইল চেয়ারে বসে থাকতে দেখা যায়।তার পাশে নাতনি জাইমা ও দুই পুত্রবধূকে দেখা যায়।

খালেদা জিয়া বিএনপি তারেক রহমান

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 10:06

URL: https://www.timestodaybd.com/public/politics/2003775807